প্রথম আলো

তারিখ ... 6 AUG 2017 ...
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ৪ ...

# শাহজালাল বিশ্ববিদ্যালয়ে হয়ে গেল তথ্যপ্রযুক্তি উৎসব

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) আয়োজিত দুই দিনের তথ্যপ্রযুক্তি উৎসব 'সিএসই কার্নিভ্যাল' গতকাল শনিবার শেষ হয়েছে। এই আয়োজনে আন্তবিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির 'আইইউটি_ফ্ল্যাশ' দল। রোবোটিকস প্রতিযোগিতায় শাবিপ্রবির 'সাস্ট_নম্বর ১০' দল এবং হ্যাকাথনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের 'বুলিয়ান দল' চ্যাম্পিয়ন হয়। গতকাল সন্ধ্যায় শাবিপ্রবির কেন্দ্রীয় মিলনায়তনে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহ্‌মেদ।

অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বলেন, 'দেশকে এগিয়ে নিতে উদ্ভাবনী চিন্তা ও সমস্যা সমাধানের মানসিকতা থাকা খুবই জরুরি। আমাদের তরুণ প্রজন্ম উদ্ভাবনী মানসিকতা নিয়ে কৃত্রিম বুদ্ধিমত্তা এবং বিগ ডেটার কাজ করছে।' অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়টির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (সিএসই) বিভাগের প্রধান মোহাম্মদ রেজা সেলিম। এতে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ মো. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, সিএসই বিভাগের অধ্যাপক মুহম্মদ জাফর ইকবালসহ অনেকে বক্তৃতা করেন।

'রিং বিডি-সিএসই কার্নিভ্যাল ২০১৭' নামের এই প্রতিযোগিতা আয়োজন করে বিশ্ববিদ্যালয়টির সিএসই বিভাগ। অনুষ্ঠানের আগে বিশ্ববিদ্যালয়ের 'বিগ ডেটা অ্যানালাইটিকস ল্যাব' উদ্বোধন করেন আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহ্‌মেদ। মিসবাহ্ উদ্দিন, শাবিপ্রবি প্রতিনিধি

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....................
তারিখ....................

| | |
|---|---|
| চীফ. পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর